

লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৩১২. ক্ষণকাল ভাবুন

ধৈর্য ধরার চেয়ে কঠিন কোন গুণ নেই- হোক তা প্রিয়জনের বিচ্ছেদের পর অথবা অপ্রীতিকর ঘটনা ঘটার পর কাজিত ধৈর্য (তাতে কোন পার্থক্য নেই, উভয়টার ব্যাপারেই একই কথা প্রযোজ্য)। অপেক্ষার সময় যখন দীর্ঘায়িত হয় অথবা হতাশা যখন পেয়ে বসে তখন ধৈর্য ধরা সবচেয়ে কঠিন। এ সময় প্রস্তুতির প্রয়োজন, অবস্থাভেদে বিভিন্ন রকম প্রস্তুতির প্রয়োজন-

১. আপনি যে সংকট অতিক্রম করছেন মাঝে মাঝে তার মাত্রার দিকে তাকানো উচিত এবং বুঝা উচিত যে- অবস্থা আরো অবনতি হতে পারত।
২. এ দুনিয়াতে আপনার ভোগান্তির কারণে (আখেরাতে) আল্লাহ আপনাকে প্রতিদান দিবেন আল্লাহর নিকট এ আশা করুন।
৩. আখেরাতের পুরস্কারের কথা মনে রাখুন।
৪. জেনে রাখুন যে, উদ্বিগ্ন হয়ে (টেনশন করে) ও অস্থির হয়ে কোন লাভ নেই। সংকটের সময় ধৈর্য ধরতে যা আপনাকে সাহায্য করবে এ তালিকার সাথে তা যোগ করে নিন।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=7820>

হাদিসবিভির প্রজেক্টে অনুদান দিন